আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম রং ধারণ করার আগে ফল বিক্রি করতে নিষেধ করেছেন। জিজ্ঞেস করা হলো, রং ধারণ করার অর্থ কী? তিনি বললেন, লাল বর্ণ ধারণ করা। পরে আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, দেখ, যদি আল্লাহ তা‘আলা ফলন বন্ধ করে দেন, তবে তোমাদের কেউ (বিক্রেতা) কিসের বদলে তার ভাইয়ের মাল (ফলের মূল্য) হালাল করবে?

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম রং ধারণ করার আগে ফল বিক্রি করতে নিষেধ করেছেন। জিজ্ঞেস করা হলো, রং
ধারণ করার অর্থ কী? তিনি বললেন, লাল বর্ণ ধারণ করা। পরে আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, দেখ, যদি আল্লাহ তা‘আলা ফলন বন্ধ করে দেন, তবে তোমাদের কেউ (বিক্রেতা) কিসের বদলে তার ভাইয়ের মাল (ফলের মূল্য) হালাল করবে? [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ফল খাওয়ার উপযুক্ত হওয়ার পূর্বে বিভিন্ন ধরনের বিপদের সম্মুখীন হয় তা। আর ঐ সময় ফল কেনাতে ক্রেতার কোনো ফায়দা হয় না। তাই আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম রং ধারণ করার আগে ফল বিক্রি করতে নিষেধ করেছেন। অর্থাৎ খাওয়ার উপযুক্ত হওয়ার পূর্বে। খেজুরের ক্ষেত্রে উপযুক্ত হওয়ার অর্থ হচ্ছে বর্ণ ধারণ করা বা হলুদ বর্ণ হওয়া। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বেচা কেনা নিষিদ্ধ হওয়ার কারণ বর্ণনা করে বলেন, দেখ, যদি তার ওপর কোনো বিপদ আসে অথবা কিছু অংশের ওপর বিপদ আসে তাহলে তোমরা তোমাদের ভাই ক্রেতার সম্পদ কিসের বদলে হালাল করবে, তাকে উপকারী কিছু না দিয়ে কীভাবে তার অর্থ গ্রহণ করবে?

http://www.sunnah.global/hadeeth/bn/show/5851